দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 AUG 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

07

কম্পিউটার বিভ্রাট

# কক্সবাজারে এসএসসি'র নতুন ফল আজই পৌঁছবে

আতাহার ইকবাল,
কক্সবাজার থেকে

কম্পিউটারে পুনর্যাচাইয়ের পর কক্সবাজার জেলার এসএসসি পরীক্ষার্থীদের নতুন ফল তৈরি সম্পন্ন হয়েছে। রবিবারের মধ্যেই

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## কক্সবাজারে

(প্রথম পাতার পর)

পরীক্ষার্থীদের কাছে ফল পৌঁছে দেয়ার ব্যবস্থা নিয়েছে কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ। কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মজিদ টেলিফোনে জানিয়েছেন, কম্পিউটারে ত্রুটির কারণেই কক্সবাজার জেলার পরীক্ষার্থীদের ফল বিপর্যয় ঘটে। তিনি জানান, নতুনভাবে তৈরি করা ফল ঢাকা থেকে কুমিল্লা হয়ে ফেরার পথে কক্সবাজারের জেলা প্রশাসক শেখ মহব্বত উল্লাহর নিকট হস্তান্তর করা হয়েছে। তিনি রবিবার কক্সবাজার পৌঁছলে জেলার ৮টি পরীক্ষা কেন্দ্রে ফল পাঠিয়ে দেয়ার ব্যবস্থা নেবেন। সংশোধিত ফলে জেলায় পাসের হার কত— প্রশ্ন করা হলে বোর্ডের চেয়ারম্যান জানান, পুরো বোর্ডের ফলের সাথে নতুন তৈরি ফল সামঞ্জস্যপূর্ণ।

এদিকে এসএসসি পরীক্ষার ফল বিপর্যয়ে সমগ্র জেলায় প্রতিবাদের ঝড় উঠেছে। বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা শনিবার সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত জেলা প্রশাসকের অফিস ঘেরাও করে এবং সমাবেশ ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট-এর নিকট স্মারকলিপি প্রদান করে।